

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা



গাইড হাউস(৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১.১

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৮

২০ ফেব্রুয়ারি ২০২২

অফিস আদেশ

এমপিওভুক্ত ও ইনডেক্সধারী শিক্ষক/কর্মচারীগণ সমপদে/সমস্কেলে কিংবা উচ্চতর পদে/উচ্চতর স্কেলে স্কুল/ কলেজ থেকে মাদ্রাসায় কিংবা এক মাদ্রাসা থেকে অন্য মাদ্রাসায় কিংবা একই মাদ্রাসায় NTRCA কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে এমপিওভুক্তির জন্য আবেদন করেছেন। আবেদনে তারা মাউশি প্রদত্ত পূর্বকার ইনডেক্স এবং বেতন বহালসহ এমপিওভুক্তিকরণের জন্য অনুরোধ জানান। সর্বশেষ আর্থিক আইন ও বিধি-বিধান এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত/ সর্বশেষ সংশোধিত) মোতাবেক আবেদনসমূহ নিম্নলিখিত লক্ষ্যে সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন আগামী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে দাখিলের নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ

ক্র.নং	পদবী	মন্তব্য
১	পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	আহ্বায়ক
২	উপ-পরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য
৩	সহকারী পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য
৪	প্রোগ্রামার, মেমিস প্রকল্প, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য
৫	সহকারী পরিচালক (অর্থ) ও সদস্য-সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য-সচিব

২। কমিটির কর্মপরিধি:

- ক) মাদ্রাসায় এমপিওভুক্তির আবেদনের ক্ষেত্রে মাউশি কর্তৃক প্রদত্ত এমপিওভুক্তি'র ইনডেক্স, বেতন ও চাকুরির ধারাবাহিকতা বহাল রাখার সুযোগ আছে কিনা সে সংক্রান্ত মতামত প্রদান।
- খ) এক মাদ্রাসা থেকে অন্য মাদ্রাসায় কিংবা একই মাদ্রাসার ক্ষেত্রে এমপিওভুক্তির ইনডেক্স, বেতন ও চাকুরির ধারাবাহিকতা বহাল রাখা সংক্রান্ত মতামত প্রদান।
- গ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত/ সর্বশেষ সংশোধিত) এবং এতদসংক্রান্ত সর্বশেষ আর্থিক ও অন্যান্য বিধি-বিধানের আলোকে সকল বিষয়ে সুনির্দিষ্ট মতামত প্রদান।
- ঘ) সুনির্দিষ্টভাবে সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং সমাধান ও বাস্তবায়নের প্রক্রিয়া নির্ধারণ এবং ঙ) বিবিধ।
- ৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(Signature)

২১-২-২০২২

মোহাম্মদ শামসুজ্জামান

উপ-পরিচালক

নম্বর: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১.১/১(২)

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৮

২০ ফেব্রুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) জনাব.....



২১-২-২০২২

মোঃ লুৎফর রহমান

সহকারী পরিচালক